

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৫১২

১/ বিবিধ

আরবী

كلوا الزيت وادهنوا به، فإنه شفاء من سبعين داء، منها الجذام
منكر

أبو نعيم في " الطب " من طريق الطبراني: حدثنا يحيى بن عبد الباقي: حدثنا أحمد بن محمد بن أبي بزة: حدثنا علي بن محمد الرحال مولى بن هاشم قال: سمعت الأوزاعي يقول: حدثني مكحول عن أبي مالك عن أبي هريرة مرفوعا قلت: وهذا حديث منكر يحيى بن عبد الباقي هو الأذني، روى عنه الطبراني حديثا آخر في " المعجم الصغير " (ص 244) ، كنيته أبو القاسم كما في " معجم البلدان " مادة " أذنة " ولم أجد من وثقه. وابن أبي بزة هو أحمد بن محمد بن عبد الله بن القاسم بن أبي بزة المكي قال أبو حاتم: " ضعيف الحديث، ولست أحدث عنه فإنه روى حديثا منكرا " يعني آخر غير هذا. وقال العقيلي: " منكر الحديث " وعلي بن محمد الرحال لم أر له ترجمة. وأبو مالك، الظاهر أنه الذي في " الميزان " و" اللسان ": " أبو مالك الدمشقي، عداه في التابعين، أرسل حديثا، وعنه عبد الله بن دينار، مجهول

বাংলা

৫১২। তোমরা তেল ভক্ষণ কর এবং তা শরীরে মালিশ কর। কারণ তা সত্তরটি রোগের আরোগ্যদানকারী। যার একটি হচ্ছে কুষ্ঠ রোগ।

হাদীছটি মুনকার।

এটি আবু নোয়াইম “আত-তিব্ব” গ্রন্থে তাবারানী সূত্রে তিনি ইয়াহইয়া ইবনু আদিল বাকী হতে তিনি আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনে আবী বাযযাহ হতে তিনি আলী ইবনু মুহাম্মাদ আর-রিহাল হতে তিনি আওয়াঈ হতে তিনি আবু মালেক হতে তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি মুনকার, ইয়াহইয়া ইবনু আবদিল বাকী হচ্ছেন আল-উযানী। তার থেকে তাবারানী আরেকটি হাদীছ “আল-মুজামুস সাগীর” (পৃঃ ২৪৪) গ্রন্থে বর্ণনা করেছেন। তার কুনিয়াত হচ্ছে আবুল কাসেম, কিন্তু কে তাকে নির্ভরযোগ্য বলেছেন তা পাচ্ছি না। ইবনু আবী বাযযাহ হচ্ছেন আহমাদ ইবনু আবদিব্লাহ ইবনে কাসেম ইবনে আবী বাযযাহ আল-মাক্কী। আবু হাতিম তার সম্পর্কে বলেনঃ তিনি হাদীছের ক্ষেত্রে দুর্বল। তার থেকে আমি হাদীছ বর্ণনা করি না। কারণ তিনি এটি ছাড়াও মুনকার হাদীছ বর্ণনা করেছেন। উকায়লী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। এ ছাড়া আলী ইবনু মুহাম্মাদ আর-রিহালের জীবনী পাচ্ছি না।

আবু মালেক; বাহিকতা প্রমাণ করছে যে, তাকেই “আল-মীযান” এবং “আল-লিসান” গ্রন্থে উল্লেখ করা হয়েছে। তিনি হচ্ছেন আবু মালেক দেমাক্কী। তাকে তাবেঈনদের অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনিই হাদীছটিকে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। আর তার থেকে আব্দুল্লাহ ইবনু দীনার বর্ণনা করেছেন, তিনি মাজহুল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71391>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন